গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
☏ ০২-৮৮৭৯২৯৯
E-mail : ce@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০০৪.২১.১৮৬৯ তারিখঃ ১৪/০৭/২১

## - নিয়োগপত্র -

সড়ক ও জনপথ অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ৩য় শ্রেণীর সিকিউরিটি সুপারভাইজার পদে নিম্নবর্ণিত প্রার্থীকে তাঁদের নামের পার্শ্বে উল্লেখিত পদ ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) বর্ণিত শর্ত মোতাবেক অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রমিক নং (মেধাক্রম অনুযায়ী) | প্রার্থীর রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা | পদের নাম | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) | পদায়নকৃত কার্যালয় এর নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ১১০০০৩৯ | নাজমুল হক<br>পিতা-রফিকুল ইসলাম<br>মাতা-নূরুন নাহার<br>গ্রাম-রেহাই অষ্টধর<br>ডাকঘর-নারায়ণখোলা-২১৫০<br>উপজেলা-নকলা<br>জেলা-শেরপুর | সিকিউরিটি সুপারভাইজার | ৯৭০০-২৩৪৯০/-<br>(গ্রেড-১৫) | সহকারী পরিচালক, নিরাপত্তা দপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা |

শর্তাবলীঃ

ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ২(দুই) বছরের জন্য শিক্ষানবীশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবীশকালে তার কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে শিক্ষানবীশকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। বর্ধিত সময়ে শিক্ষানবীশ থাকাকালীন সময়ে কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকুরির অবসান ঘটাতে পারবেন।

খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক দাখিলকৃত জীবন বৃত্তান্ত অসত্য প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সঠিক প্রমাণিত না হলে এবং ভবিষ্যতে গড়মিল পরিলক্ষিত হলে এবং স্থায়ী ঠিকানা সম্পর্কে কোন গড়মিল পরিলক্ষিত হলে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি কোটায় নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের সংশ্লিষ্ট সনদপত্রসমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সঠিক প্রমাণিত না হলে এবং ভবিষ্যতে গড়মিল পরিলক্ষিত হলে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ) উপানুচ্ছেদ 'ঘ ও ঙ' এর মাধ্যমে ব্যবস্থা গৃহীত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে সড়ক ও জনপথ অধিদপ্তরের চাকুরিতে যোগদানের পর গৃহীত সকল বেতন ভাতাদির অর্থ ফেরৎ প্রদান করতে হবে।

ছ) যোগদানের সময় নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা ও ডোপ টেষ্ট সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং সরকারী দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।

জ) যোগদানের সময় সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি ও এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক অনুলিপি দাখিল করতে হবে।

ঝ) চাকুরিতে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী।

ঞ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না।

ট) চাকুরী হতে পদত্যাগ করতে চাইলে ন্যূনপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিত নোটিশ দিতে হবে। তা দিতে ব্যর্থ হলে ন্যূনপক্ষ ৩০(ত্রিশ) দিনের বেতন বা সমপরিমাণ যা নিয়োগকারী কর্তৃপক্ষ ধার্য করবেন তা কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

ঠ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

ড) যোগানকৃত কর্মচারীদের স্ব-স্ব নিয়ন্ত্রয়ণকারী কর্মকতার মাধ্যমে পুলিশ তদন্ত প্রতিবেদন ও শিক্ষা সনদ বোর্ড হতে যাচাইয়ান্তে অত্র দপ্তরকে অবহিত করার জন্য বলা হলো।

উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ৩১ আগষ্ট ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদানপত্র দাখিল করার জন্য বলা হলো। উক্ত তারিখের পরে যোগদানপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১৪/৮/২০২১
(মোঃ আব্দুস সবুর)
প্রধান প্রকৌশলী

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০০৪.২১. ৬৬১/১(৪) তারিখঃ ১৪।০৮।২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম-সচিব, নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর অধিশাখা)
৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিষয়টি মাননীয় মন্ত্রীর গোচরীভূত করার জন্য অনুরোধ করা হলো)

১৪/৮/২০২১
(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০০৪.২১. ৬৬১/২(৩০) তারিখঃ ১৪।০৮।২১

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ...........................
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ...........................
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এষ্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৬। পরিচালক, নিরীক্ষা ও হিসাব (সওজ), সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৭। সিভিল সার্জন, ...........................
৮। এস্টেট এন্ড ল'অফিসার, ...........................
৯। প্রধান হিসাব রক্ষণ ও অর্থ কর্মকর্তা, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০ বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ...........................
১১। নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১২ নির্বাহী প্রকৌশলী, সওজ, ...........................
১৩। উপ-পরিচালক, নিরাপত্তা দপ্তর, সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৪ জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ...........................
১৫। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, ...........................
১৬ সহকারী পরিচালক, নিরাপত্তা দপ্তর, সওজ, ...........................
১৭। সিনিয়র সিকিউরিটি অফিসার/সিকিউরিটি অফিসার, ...............
১৮। প্রশাসন ও সংস্থাপন শাখা-২, প্রধান প্রকৌশলীর কার্যালয়, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৯। জনাব ...........................

১৪/৮/২০২১
(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন